

লোকসভা সদস্যদের এলাকা উন্নয়ন তহবিল রাজ্যে খরচ হল ২৭০ কোটি ৬৪ লক্ষ টাকা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ১৭তম লোকসভার মেয়াদ শেষের মুখে। রাজ্যের সংশ্লিষ্ট এমপিদের এলাকা উন্নয়ন তহবিল থেকে ২০১৯ সাল থেকে গত ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন প্রকল্পে মোট ২৭০ কোটি ৬৪ লক্ষ টাকা খরচ করা হয়েছে। এই সময়ে রাজ্যসভার এমপিদের এলাকা উন্নয়ন তহবিল থেকে খরচ হয়েছে ১৪৪ কোটি ১ লক্ষ টাকা। রাজ্যের এমপি ল্যাড খাতে খরচের বিষয়টি দেখভাল করে পরিসংখ্যান ও উন্নয়ন দপ্তর। ওই দপ্তর সূত্রে এই পরিসংখ্যান পাওয়া গিয়েছে।

প্রত্যেক এমপির এলাকা উন্নয়নে কেন্দ্র থেকে বছরে ৫ কোটি টাকা দেওয়া হয়। একবার আড়াই কোটি হিসেবে বছরে দু'দফায় দেওয়া হয় মোট ৫

কোটি টাকা। এমপিদের সুপারিশ অনুযায়ী, সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্পগুলি রূপায়ণ করে জেলা প্রশাসন। এর মাধ্যমে কিছু সামাজিক সম্পদ সৃষ্টি হয়ে থাকে। লোকসভার সদস্যরা নিজ নিজ নির্বাচনী এলাকার জন্য প্রকল্প নেন। তবে রাজ্যসভার সদস্যরা ওই টাকা খরচ করতে পারেন দেশের যেকোনও জায়গার উন্নয়নে। বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে চলতি বিধানসভার মেয়াদে ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে মোট ৩৭৮ কোটি ৫০ লক্ষ টাকা খরচ হয়েছে। জানিয়েছে সংশ্লিষ্ট দপ্তর। এমএলএ ল্যাড থেকে খরচ করার জন্য প্রত্যেক বিধায়ককে বছরে ৭০ লক্ষ টাকা দেওয়া হয়। এই টাকা দেয় রাজ্য সরকার। এই অর্থ

খরচের বিষয়টি দেখভাল করে পরিসংখ্যান ও উন্নয়ন দপ্তর। এক্ষেত্রে বছরে দু'টি সমপরিমাণ কিস্তিতে টাকা ছাড়া হয়। বিধায়কদের সুপারিশ অনুযায়ী, তাঁদের নির্বাচনী এলাকার উন্নয়নে নেওয়া হয় কিছু প্রকল্প। এক্ষেত্রে সম্পদ সৃষ্টি ও পরিষেবা প্রদানের মাধ্যমে সামাজিক চাহিদা পূরণ করার উপর জোর দেওয়া হয়। ২০২১ সালে মে মাসে গঠিত বিধানসভায় বিধায়ক তহবিল থেকে প্রায় সাড়ে ৭ হাজার প্রকল্প অনুমোদন করা হয়েছে। ২০২১-২২ অর্থবর্ষে ১০২ কোটি টাকা, ২০২২-২৩ অর্থবর্ষে ১৫৬ কোটি ৩০ লক্ষ টাকা, চলতি অর্থবর্ষের ৩১ ডিসেম্বর পর্যন্ত ১২০ কোটি ২০ লক্ষ টাকা খরচ করা হয়েছে।